Through Knowledge towards Jannah

# Islamic Online Madrasah – IOM

## ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

## রিসার্চের বিষয়ঃ

# বাংলাদেশে খ্রিস্টান মিশনারিদের অপতৎপরতা


তত্ত্বাবধায়নেঃ

মুফতি: আব্দুল ওয়াহিদ

রিসার্চ ডিপার্টমেন্ট

ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

জমা দিয়েছেনঃ

শারমিন আক্তার মিতু

রোলঃ 228021604


২০ মে, ২০২৫ ইং

Through Knowledge towards Jannah

# Islamic Online Madrasah – IOM

## ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

রিসার্চের বিষয়ঃ

## বাংলাদেশে খ্রিস্টান মিশনারিদের অপতৎপরতা

এই রিপোর্ট টি ইসলামিক অনালাইন মাদ্রাসার ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজের একটি আনুসাঙ্গিক রিপোর্ট।


তত্ত্বাবধায়নেঃ

মুফতি: আব্দুল ওয়াহিদ

রিসার্চ ডিপার্টমেন্ট

ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

জমা দিয়েছেনঃ

শারমিন আক্তার মিতু

রোলঃ 228021604

Through Knowledge towards Jannah

# Islamic Online Madrasah – IOM

## ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

### প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, " বাংলাদেশে খ্রিস্টান মিশনারিদের অপতৎপরতা " বিষয়ক গবেষণাপত্র টি আমার তত্ত্বাবধানে ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ ডিপার্টমেন্ট থেকে শারমিন আক্তার মিতু, আইডিঃ 228021604 বিচক্ষনতার সাথে সম্পন্ন করেছেন।

(স্বাক্ষর)

তত্ত্বাবধায়নেঃ

মুফতি: আব্দুল ওয়াহিদ
রিসার্চ ডিপার্টমেন্ট
ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

(স্বাক্ষর)

এক্সটারনালঃ

মাও: শারাফাত কারীম
এরাবিক ডিপার্টমেন্ট
ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

# ঘোষণাপত্র

আমি নিম্নস্বাক্ষরকারী এ মর্মে ঘোষণা করছি যে, “ বাংলাদেশে খ্রিস্টান মিশনারিদের অপতৎপরতা ” শিরোনামে এই গবেষণাপত্র ইসলামিক অনলাইন মাদ্রাসার (Islamic Online Madrasah – IOM) ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের মুফতি: আব্দুল ওয়াহিদ উস্তাদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ও নির্দেশনায় সম্পন্ন করেছি। অন্য কোন বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানে কোন প্রকার ডিগ্রি/ডিপ্লোমা অর্জনের জন্য বা প্রকাশের জন্য গবেষণাপত্র সম্পূর্ণ কিংবা এর অংশবিশেষ উপস্থাপন করা হয়নি।

আমি আরও ঘোষণা করছি যে, এই গবেষণা কর্মটি আমার নিজস্ব মৌলিক রচনা। আমার জানা মতে ইতিপূর্বে আর কোন ব্যক্তি এই শিরোনামে কোন গবেষণাপত্র রচনা করেননি।

শারমিন আক্তার মিতু

\- ______________________________

(স্বাক্ষর)

তারিখঃ

২০ মে, ২০২৫ ইং

**শারমিন আক্তার মিতু**

আইডিঃ 228021604

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ।

ইসলামিক অনলাইন মাদ্রাসা।

# সূচিপত্র


অধ্যায় ১: ভূমিকা ........................................ 9

১.১:খৃষ্টানরা মুসলমানদের বন্ধু নয় ........................................ 9

১.২ ঈসা (আ:)পুনরায় পৃথিবীতে এসে যা বলবেন ........................................ 11

১.৩ শুধু ইহূদী-খ্রিষ্টান নয়, বরং কাফিরদের সাথেও বন্ধুত্ব গড়া নিষিদ্ধ ........................................ 13

অধ্যায় ২: ইহূদী- খ্রিষ্টান ........................................ 13

২.১ ইহূদী-খ্রিষ্টান পরিচিতি : ........................................ 13

২.২ইহুদি-খ্রিষ্টানদের ইতিহাস চির কপটতার ইতিহাস ........................................ 14

২.৩ বিভিন্ন ফিরকাসমূহ: ........................................ 18

অধ্যায় ৩:খ্রিষ্টাধর্ম প্রচারক ........................................ 19

৩.১ ড উইলিয়ম কেরী: ........................................ 20

৩.২ মাদার তেরেসা: ........................................ 20

৩.৩ ফাদার এনজো কর্বা ........................................ 20

৩.৪ ফাদার কার্লো কালাঙ্কি ........................................ 21

৩.৫ ফাদার রিনাল্ডো নাভা: ........................................ 22

অধ্যায় ৪: খ্রিস্টান মিশনারি কার্যক্রমের ইতিহাস (বিশ্ব পরিপ্রেক্ষিত) ........................................ 22

৪.১ ইউরোপে মিশনারি আন্দোলনের সূত্রপাত: ........................................ 22

৪.২ উপনিবেশবাদের সাথে সম্পর্ক: ........................................ 23

৪.৩ ধর্ম প্রচারে ব্যবহৃত কৌশল: ........................................ 24

অধ্যায় ৫: উপমহাদেশে মিশনারিদের আগমন ও কার্যক্রম ........................................ 25

৫.১ ধর্মীয় ও ভাষাগত প্রভাব: ........................................ 25

৫.২ মুসলিম সম্প্রদায়ের প্রতি দৃষ্টিভঙ্গি: ........................................ 25

৫.৩ ব্রিটিশ রাজের মদদে মিশনারিদের কার্যক্রম: ........................................ 26

অধ্যায় ৬: বাংলাদেশে খ্রিস্টান মিশনারিদের আগমন: ঐতিহাসিক পটভূমি: ........................................ 26

৬.১ ব্রিটিশ ও পাকিস্তান আমলে কার্যক্রম: ........................................................................27

৬.২ ১৯৭১ পরবর্তী সুযোগ: ........................................................................27

৬.৩ রাষ্ট্রীয় দৃষ্টিভঙ্গির পরিবর্তন: ........................................................................28

অধ্যায় ৭: মিশনারিদের সামাজিক ও অর্থনৈতিক কৌশল : ........................................................................28

৭.১ সমাজে বিভাজন সৃষ্টি করে কর্তৃত্ব প্রতিষ্ঠা: ........................................................................29

৭.২ স্থানীয় ভাষা ও সংস্কৃতিকে ব্যবহার করে ধর্মান্তরের কৌশল: ........................................................................29

৭.৩ অর্থনৈতিক চাহিদাকে হাতিয়ার বানিয়ে ঈমান নষ্টের চেষ্টা: ........................................................................29

অধ্যায় ৮: শিক্ষাক্ষেত্রে মিশনারিদের প্রভাব: ........................................................................30

৮.১খ্রিষ্টান মতাদর্শ প্রচারে শিক্ষাকে হাতিয়ার হিসেবে ব্যবহার: ........................................................................30

৮.২ খ্রিষ্টান বিদ্যালয় ও কলেজ প্রতিষ্ঠার : ........................................................................30

৮.৩ ধর্মীয় নিরপেক্ষতার নামে ইসলামী শিক্ষাকে বাদ দেওয়া: ........................................................................30

অধ্যায় ৯: স্বাস্থ্যসেবার আড়ালে প্রচার কার্যক্রম ........................................................................31

৯.১ হাসপাতাল ও চিকিৎসা কেন্দ্র: ........................................................................31

৯.২ গ্রামীণ স্বাস্থ্যসেবায় কৌশল: ........................................................................31

৯.৩ চিকিৎসার বিনিময়ে ধর্মান্তর: ........................................................................32

অধ্যায় ১০: এনজিও এবং উন্নয়ন সহযোগিতার মুখোশ: ........................................................................32

১০.১ প্রধান এনজিওসমূহের নাম ও কার্যক্রম: ........................................................................33

১০.২ বিদেশি অর্থায়নের উৎস: ........................................................................33

১০.৩ "উন্নয়ন" শব্দের অপব্যবহার: ........................................................................34

অধ্যায় ১১: পাহাড়ি অঞ্চলে ধর্মান্তর কর্মকাণ্ড (CHT অঞ্চলের উপর বিশেষ আলোচনা):...35

১১.১ বান্দরবান, রাঙ্গামাটি ও খাগড়াছড়িতে কার্যক্রম ........................................................................35

১১.২ আদিবাসীদের মধ্যে প্রভাব: ........................................................................36

১১.৩ সরকার ও সামরিক শক্তির অবস্থান: ........................................................................36

অধ্যায় ১২: আদিবাসী ও প্রান্তিক জনগোষ্ঠী লক্ষ্যবস্তু হিসেবে নির্বাচন: ........................................................................37

১২.১ সামাজিক ও অর্থনৈতিক দুর্বলতা: সহজ লক্ষ্যবস্তু: 37

১২.২ ভাষাগত ও সাংস্কৃতিক বিচ্ছিন্নতা: প্রতিরোধহীনতা: 37

১২.৩ ভোটব্যাংক ও রাজনৈতিক স্বার্থ: কৌশলগত ব্যবহার: 37

অধ্যায় ১৩: ইসলামী সংস্কৃতি ও মূল্যবোধের উপর প্রভাব: 38

১৩.১ ইসলামী আচার-আচরণে পরিবর্তন: 38

১৩.২ মুসলিম তরুণদের লক্ষ্যবস্তু করা: 38

১৩.৩ সামাজিক বিচ্ছিন্নতা: 39

অধ্যায় ১৪: মুসলিম সমাজে ধর্মান্তরের চেষ্টার ধারা: 40

১৪.১ আর্থিক লোভ দেখানো: 40

১৪.২ বেকার যুবকদের চাকরির প্রলোভন: 40

১৪.৩ ধর্মীয় অজ্ঞতার সুযোগ গ্রহণ: 41

১৪.৪ নারীদের টার্গেটকরণ ও পরিবার-ভিত্তিক কৌশল: 42

অধ্যায় ১৫: মিশনারি কার্যক্রম ও ধর্মীয় সাম্প্রদায়িকতা: 44

১৫.১ সামাজিক সহিংসতা ও বিভাজন: 44

১৫.২ কৌশলগত ধর্মান্তর: 45

১৫.৩ সংখ্যালঘু রাজনীতি: 45

অধ্যায় ১৬: আন্তর্জাতিক সাহায্য সংস্থার ভূমিকা ও প্রভাব 45

১৬.১ ইইউ, ইউএসএআইডি ও বিশ্ব ব্যাংকের ভূমিকা: 46

১৬.২ ‘সুশীল সমাজ’ এর ব্যবহৃত মুখোশ: 46

১৬.৩ বৈদেশিক চাপে সরকার: 47

অধ্যায় ১৭: খ্রিস্টান বানানোর কৌশল 48

১৭.১  দান ও দয়ালু কার্যকলাপের মাধ্যমে মন জয় করা: 48

১৭.২ দারিদ্র্য ও দুর্যোগকে অস্ত্র হিসেবে ব্যবহার: 49

১৭.৩ ইসলামী জ্ঞানের অভাবকে কাজে লাগানো: 49

অধ্যায় ১৮: যে অঞ্চলে অপতৎপরতা বেশি........................................................50

১৮.১. দিনাজপুর জেলা........................................................50

১৮.২. পঞ্চগড় জেলা........................................................51

১৮.৩. ঠাকুরগাঁও জেলা........................................................52

অধ্যায় ১৯: বাংলাদেশ সরকারের অবস্থান ও পদক্ষেপ........................................................52

১৯.১ সংবিধানে ধর্মীয় অধিকার:........................................................52

১৯.২ এনজিও নিয়ন্ত্রণ নীতিমালা:........................................................53

১৯.৩ রাষ্ট্রীয় নজরদারি:........................................................54

অধ্যায় ২০: উপসংহার........................................................54

# অধ্যায় ১:  ভূমিকা

বিসমিল্লাহির রহমানির রহিম

আধুনিক বিশ্বের ধর্মীয়, সাংস্কৃতিক ও রাজনৈতিক দ্বন্দ্বের মধ্যে অন্যতম একটি বড় বিষয় হলো ধর্মান্তরকরণ তথা মিশনারি তৎপরতা। খ্রিস্টান মিশনারিরা বহু শতাব্দী ধরে বিশ্বের বিভিন্ন প্রান্তে বিশেষ করে দরিদ্র, পশ্চাৎপদ ও মুসলিমপ্রধান অঞ্চলে ধর্মান্তরের লক্ষ্যে কাজ করে আসছে। এই তৎপরতা শুধু ধর্মীয় পর্যায়েই সীমাবদ্ধ নয়, বরং এর সাথে রাজনৈতিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক স্বার্থও ওতপ্রোতভাবে জড়িত।

মুসলিম সমাজে খ্রিস্টান মিশনারিদের কর্মকাণ্ড একটি গভীর উদ্বেগের বিষয়। ইসলামের ভিত্তি হলো 'লা ইলাহা ইল্লাল্লাহ', অর্থাৎ একমাত্র আল্লাহর ইবাদত ও আনুগত্য। কিন্তু মিশনারিরা ইসলামকে বিকৃতভাবে উপস্থাপন করে মুসলমানদের ঈমান দুর্বল করার অপচেষ্টায় লিপ্ত।

ইসলাম ধর্ম সহনশীলতার শিক্ষা দেয় এবং দাওয়াতের মাধ্যমে অমুসলিমদের ইসলামের দিকে আহ্বান জানাতে বলে।

আর হাদীসে এসেছে:

بَلِّغُوا عَنِّي وَلَوْ آيَةً

"আমার পক্ষ থেকে পৌঁছাও, ولو একটি আয়াতও হয়।" (সহীহ বুখারী, হাদীস: ৩৪৬১)

এই থিসিসে আমরা খ্রিস্টান মিশনারিদের ইতিহাস, তাদের কার্যক্রমের ধরন, মুসলিম সমাজে তার প্রভাব, কুরআন-সুন্নাহর আলোকে ইসলামের অবস্থান এবং মুসলিম উম্মাহর করণীয় বিষয়ে বিশ্লেষণ তুলে ধরার চেষ্টা করবো।

## ১.১:খৃষ্টানরা মুসলমানদের বন্ধু নয়

ইসলাম ধর্মের মৌলিক শিক্ষার একটি অংশ হলো, মুসলমানদেরকে সব সম্পর্ক ও মিত্রতার ক্ষেত্রে তাদের ঈমান ও আকীদার প্রতি সতর্ক থাকতে বলা হয়েছে। কুরআন মজীদে আল্লাহ

তাআলা কিছু স্পষ্ট নিদর্শনের মাধ্যমে কাফের ও মুশরিকদের সঙ্গে অতি বন্ধুত্বপূর্ণ সম্পর্ক স্থাপন সম্পর্কে সতর্ক করেছেন। খ্রিষ্টানরাও যেহেতু মুসলমানদের মতো একত্ববাদে বিশ্বাস না রেখে 'ঈসা (আঃ)-কে আল্লাহর পুত্র' বলে থাকেন, তাই কুরআনের দৃষ্টিতে তারা 'আহলে কিতাব' হলেও 'বন্ধু' বা অন্তরঙ্গ মিত্র হিসেবে গ্রহণযোগ্য নয়।

আল্লাহ তায়ালা বলেন:

حيَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا الْيَهُودَ وَالنَّصَارَىٰ أَوْلِيَاءَ ۘ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ ۚ وَمَنْ يَتَوَلَّهُمْ مِنكُمْ فَإِنَّهُ مِنْهُمْ ۗ إِنَّ اللَّهَ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ

"হে মুমিনগণ! তোমরা ইয়াহুদি ও খ্রিষ্টানদেরকে বন্ধু (অন্তরঙ্গ সহচর) হিসাবে গ্রহণ করো না; তারা একে অপরের বন্ধু। আর তোমাদের মধ্যে যারা তাদেরকে বন্ধু বানাবে, সে নিঃসন্দেহে তাদেরই অন্তর্ভুক্ত। নিশ্চয়ই আল্লাহ জালিম সম্প্রদায়কে হিদায়াত দেন না।"
(সূরা আল-মায়েদা: ৫১)

এই আয়াতে "أولياء" শব্দটি এসেছে, যার অর্থ "অন্তরঙ্গ বন্ধু", "সহায়ক" বা "অভিভাবক"। এটি কেবল সাধারণ সৌহার্দ্য বা সহানুভূতির কথা নয়, বরং গভীর আস্থার সম্পর্ক বোঝানো হয়েছে — যেটা ঈমানদারদের জন্য নিষেধ।

কুরআন অবতরণের পরে তাওরাত-ইঞ্জীল মানসূখ হয়ে গেছে। এসবের কোন হুকুম এখন আর কারু জন্য পালনযোগ্য নয়। মূল তাওরাত ও ইঞ্জীলের কোন অস্তিত্ব পৃথিবীতে নেই। পুরাতন ও নতুন সমাচার (Old & New Testament) বলে প্রচলিত বই সমূহ তাদের নিজেদের রচিত। বিশ্ব মানবতাকে তাই এখন কেবলমাত্র কুরআন-সুন্নাহ মেনে চলতে হবে। ইমাম শাওকানী বলেন, 'ইহূদী-নাছারাদের শরী'আত এখন মানসূখ বা হুকুম রহিত। তাদের কিতাব সমূহ পরিবর্তিত হয়ে গেছে'। এখন তাদের কিতাবের অনুসরণ করা অর্থ তাদের খোশখেয়াল সমূহের অনুসরণ করা'। তিনি বলেন, 'এই আয়াতগুলির মধ্যে উম্মতে মুহাম্মাদীর জন্য হুঁশিয়ারী ও সাবধানবাণী রয়েছে যে, তারা যেন ইহূদী-নাছারা বা কোন মুশরিক ও বিদ'আতী দলসমূহের পাতা ফাঁদে পা না দেয় বা তাদের সন্তুষ্টি ও সমর্থন কামনা না করে।

তারা যেন কুরআন ও সুন্নাহর স্পষ্ট বিধানসমূহ ছেড়ে এইসব দলের চোখ ধাঁধানো ও দুষ্ট মতবাদ সমূহের পিছনে না ছোটে’ (শাওকানী, ফাৎহুল ক্বাদীর)।

সৈয়দ রশীদ রিযা বলেন, অত্র আয়াতে ‘আহলুল কিতাব’ না বলে ‘ইয়াহূদ’ ও ‘নাছারা’ বলার তাৎপর্য এই যে, রাসূলুল্লাহ (ছাঃ) ও মুমিন সম্প্রদায়ের সাথে তাদের শত্রুতা মূলতঃ কিতাবের কারণে ছিল না। কেননা তাদের কিতাব রাসূলুল্লাহ (ছাঃ)-এর বিরুদ্ধে শত্রুতা করতে বলেনি। বরং তাদের এই দুশমনী ছিল স্রেফ রাজনৈতিক ও দলীয় হিংসার কারণে। ইবনু জারীর ত্বাবারী বলেন, ‘আল্লাহ তা‘আলা সকল মুসলমানকে নির্দেশ দিচ্ছেন তারা যেন ঈমানদারগণের বিরুদ্ধে ইহূদী-নাছারাকে তাদের আন্তরিক বন্ধু হিসাবে গ্রহণ না করে। যে ব্যক্তি এটা করবে, সে ব্যক্তি আল্লাহ, রাসূল ও মুমিনদের দলের বাইরে চলে যাবে। আল্লাহ ও রাসূল তাদের থেকে মুক্ত’।[5]

## ১.২ ঈসা (আ:)পুনরায় পৃথিবীতে এসে যা বলবেন

ইসলামী বিশ্বাস অনুসারে, হযরত ঈসা (আলাইহিস সালাম) কিয়ামতের পূর্বে দুনিয়ায় পুনরায় আগমন করবেন। এটি কুরআন এবং বহু সহিহ হাদীস দ্বারা প্রমাণিত একটি বিশুদ্ধ আক্বীদা। তাঁর এই আগমন কোনো নতুন ধর্ম প্রচারের উদ্দেশ্যে নয়; বরং তিনি আসবেন পূর্ববর্তী ভুল ধারণার সংশোধন এবং সত্যের সাক্ষ্য দেয়ার জন্য।

ঈসা (আঃ) খ্রিস্টানদের ভুল বিশ্বাসের প্রতিবাদ জানাবেন

খ্রিস্টান ধর্মে হযরত ঈসা (আঃ)-কে ঈশ্বর বা ঈশ্বরের পুত্র হিসেবে বিশ্বাস করা হয়। অথচ তিনি কখনো নিজেকে উপাস্য বলেননি, বরং আল্লাহর একজন প্রেরিত রাসূল হিসেবে নিজেকে উপস্থাপন করেছেন। কুরআনে আল্লাহ তা‘আলা স্পষ্টভাবে বলেন:

> وَإِذْ قَالَ اللَّهُ يَا عِيسَى ابْنَ مَرْيَمَ أَأَنتَ قُلْتَ لِلنَّاسِ اتَّخِذُونِي وَأُمِّيَ إِلَـٰهَيْنِ مِن دُونِ اللَّهِ ۖ قَالَ سُبْحَانَكَ...

“আর স্মরণ করো, যখন আল্লাহ বলবেন, হে মরিয়ম–পুত্র ঈসা! তুমি কি মানুষদের বলেছিলে, ‘আমাকে ও আমার মাকে আল্লাহ ছাড়া উপাস্যরূপে গ্রহণ করো?’ তিনি বলবেন, ‘আপনি পবিত্র! আমার পক্ষে এটা বলা সম্ভব নয় যা বলা আমার জন্য সঠিক নয়।’”
— সূরা আল-মায়িদা: **১১৬**

এই আয়াত অনুসারে, কিয়ামতের দিন ঈসা (আঃ) স্পষ্ট করে বলবেন তিনি কখনো নিজেকে উপাস্য হিসেবে দাবী করেননি। তিনি কেবল বলেছিলেন:

اعْبُدُوا اللَّهَ رَبِّي وَرَبَّكُمْ

"তোমরা আল্লাহর ইবাদত করো, যিনি আমার প্রভু এবং তোমাদের প্রভু।"

হাদীসসমূহে এসেছে ঈসা (আঃ) দাজ্জালকে হত্যা করবেন, শির্ক ও কুফরের অবসান ঘটাবেন, ইসলাম প্রতিষ্ঠা করবেন এবং নিম্নোক্ত কাজগুলো করবেন:

১. দাজ্জালকে হত্যা করবেন।

২. ক্রুশ ভেঙে ফেলবেন।

৩. শূকর হত্যা করবেন।

৪. জিযিয়া বাতিল করবেন।

৫. ইসলামী শরীয়াহ মোতাবেক বিচার করবেন।

৬. মানবতাকে বলবেন "মুহাম্মদ (সা.)-এর শরীয়ত মানো"।

সহীহ বুখারীর আরেকটি হাদীস:

" يَكْسِرُ الصَّلِيبَ، وَيَقْتُلُ الْخِنزِيرَ، وَيَضَعُ الْجِزْيَةَ"...

"তিনি ক্রুশ ভেঙে দেবেন, শূকর হত্যা করবেন এবং জিযিয়া (কর) তুলে দেবেন..."
(সহীহ বুখারী, হাদীস: ৩৪৪৮)

এছাড়া তিনি মানুষকে আহ্বান করবেন:একমাত্র আল্লাহর ইবাদতে,মুহাম্মদ (সা.)-এর উম্মত হিসেবে চলতে।শান্তি, ইনসাফ ও ইসলাম প্রতিষ্ঠায়।

## ১.৩ শুধু ইহূদী-খ্রিষ্টান নয়, বরং কাফিরদের সাথেও বন্ধুত্ব গড়া নিষিদ্ধ

শুধু ইহূদী-খৃষ্টান নয়, বরং কোন কাফেরের সাথে কোনরূপ বন্ধুত্ব গড়ে তুলতে নিষেধ করে বলা হচ্ছে, لاَ يَتَّخِذِ الْمُؤْمِنُونَ الْكَافِرِينَ أَوْلِيَآءَ مِنْ دُونِ الْمُؤْمِنِينَ وَمَنْ يَّفْعَلْ ذَلِكَ فَلَيْسَ مِنَ اللهِ فِي شَيْءٍ إِلاَّ أَنْ تَتَّقُوا مِنْهُمْ تُقَاةً، 'মুমিনগণ যেন মুমিনদের ছেড়ে কাফিরদের বন্ধুরূপে গ্রহণ না করে। যারা এরূপ করবে, আল্লাহর সাথে তাদের কোন সম্পর্ক থাকবে না। তবে তোমরা যদি তাদের থেকে কোন অনিষ্টের আশংকা কর' (আলে ইমরান ৩/২৮)। দুনিয়াবী সম্মান লাভের জন্য যাতে এটা না করা হয়, সেজন্য বলা হয়েছে, الَّذِينَ يَتَّخِذُونَ الْكَافِرِينَ أَوْلِيَاءَ مِنْ دُونِ الْمُؤْمِنِينَ أَيَبْتَغُونَ عِنْدَهُمُ الْعِزَّةَ فَإِنَّ الْعِزَّةَ لِلَّهِ جَمِيعًا 'যারা মুমিনদের বাদ দিয়ে কাফিরদের বন্ধু হিসাবে গ্রহণ করে, তারা কি তাদের কাছে সম্মান কামনা করে? জেনে রেখো সর্বপ্রকার ইযযতের মালিকানা স্রেফ আল্লাহর' (নিসা ৪/১৩৯)। এমনকি নিজের বাপ-ভাই যদি ঈমানের উপরে কুফরীকে ভালবাসে, তবে তাদেরকেও বন্ধু হিসাবে গ্রহণ করা যাবে না (তওবাহ ৯/২৩)। মুসলমানদের সামাজিক ও রাজনৈতিক জীবনে বিশেষ করে কোন মুসলিম দেশের জাতীয় ও পররাষ্ট্রনীতি নির্ধারণের ক্ষেত্রে অত্র আয়াতগুলি স্থায়ী মূলনীতি স্বরূপ।

# অধ্যায় ২: ইহূদী- খ্রিষ্টান

## ২.১ ইহূদী-খ্রিষ্টান পরিচিতি :

হযরত ইবরাহীমের প্রথমা স্ত্রী সারার গর্ভে ইসহাক্ব-এর জন্ম হয়। তাঁর বংশধরগণ 'বনু ইসরাঈল' নামে পরিচিত। এই বংশে হাযার হাযার নবীর জন্ম হয়। এদের ক্বিবলা ছিল বায়তুল মুক্বাদ্দাস। আহলে কিতাবদের মধ্যে এই দলই বড়। এই বংশের শ্রেষ্ঠ নবী হলেন মূসা (আঃ)। তাঁর নিকটে 'তাওরাত' নাযিল হয়। যা ছিল মূলতঃ হালাল-হারাম ইত্যাদি ব্যবহারিক বিধি-বিধান সম্বলিত গ্রন্থ। তাঁর অনুসারীগণ 'ইয়াহূদ' নামে পরিচিত। তারপরে শ্রেষ্ঠ নবী ছিলেন ঈসা (আঃ)। ইনি হযরত দাঊদ (আঃ)-এর বংশধর ছিলেন। তাঁর নিকটে 'ইঞ্জীল' নাযিল হয়। এটি ছিল মূলতঃ পরকালীন মুক্তির সুসংবাদবাহী ও উপদেশমূলক গ্রন্থ। তাঁর অনুসারীগণ 'নাছারা নামে খ্যাত। এঁদের ক্বিবলা ছিল কা'বাগৃহ। ইহূদীদের প্রতিপক্ষ ছিল ফেরাঊন, হামান প্রমুখ কাফের নেতাগণ এবং নাছারাদের প্রতিপক্ষ ছিল মূর্তিপূজারী মুশরিকগণ। ইঞ্জীলে যেহেতু তাওরাতের বিধি-বিধানের তেমন কোন পরিবর্তিত ছিল না, সেকারণ তারা ঈসা (আঃ)-কে মূসা (আঃ)-এর অনুসারী হিসাবে গণ্য করত। যদিও তারা

নিজেরা তাওরাতের বিধি-বিধান সমূহকে পরিবর্তন করেছে। যেমন শনিবারের সাপ্তাহিক ইবাদতের দিনকে রবিবার করা, শূকরের গোশতকে হালাল করা ইত্যাদি। তবে একটি বিষয়ে উভয় দল একমত ছিল যে, শেষ নবী মুহাম্মাদ সত্ত্বর আগমন করবেন এবং তাঁর নাম, চেহারা, জন্মস্থান সবই তারা আসমানী কিতাবের মাধ্যমে জানত। সেকারণ তাদের পূর্ব পুরুষগণ শেষনবীকে সাহায্য করার জন্য সিরিয়া থেকে হিজরত করে মদীনার নিকটবর্তী এলাকায় এসে বসতি স্থাপন করেন ও বড় বড় দুর্গ নির্মাণ করেন। কিন্তু যখন শেষ নবীর আবির্ভাব হ’ল এবং তিনি হিজরত করে মদীনায় এলেন,তখন তারা তাঁকে স্পষ্টভাবে চিনতে পারলেও বংশীয় অহমিকা মাথাচাড়া দেওয়ায় তাঁকে সহযোগিতা দূরে থাক, বরং সবরকমের শত্রুতায় লিপ্ত হ’ল। উল্লেখ্য যে, ইয়াহূদ-নাছারাগণ পরস্পরের শত্রু ছিল এবং প্রত্যেকেই প্রতিপক্ষ দলকে মিথ্যা ও ভিত্তিহীন বলে দাবী করত (বাক্বারাহ ২/১১৩)। শেষ নবী এসে তাদেরকে বললেন, لَسْتُمْ عَلَى شَيْءٍ حَتَّى تُقِيمُوا التَّوْرَاةَ وَالْإِنْجِيل ‘তোমরা কিছুর উপরে নেই, যতক্ষণ না তোমরা তাওরাত ও ইঞ্জীলকে প্রতিষ্ঠিত করবে’ (মায়েদাহ ৬৮)। যেহেতু তাওরাত ও ইঞ্জীল মানতে গেলে কুরআনকে মানতে বাধ্য হতে হয়, তাই তারা সবকিছুকে অস্বীকার করল ও শেষ নবীর বিরুদ্ধে শত্রুতায় লিপ্ত হ’ল।[16]

## ২.২ইহুদি-খ্রিষ্টানদের ইতিহাস চির কপটতার ইতিহাস

কুরআনের ভাষ্য:

وَقَدْ كَانَ فَرِيقٌ مِّنْهُمْ يَسْمَعُونَ كَلَٰمَ ٱللَّهِ ثُمَّ يُحَرِّفُونَهُۥ مِنۢ بَعْدِ مَا عَقَلُوهُ وَهُمْ يَعْلَمُونَ

“তাদের একদল আল্লাহর বাণী শ্রবণ করার পর তা বুঝেও তা বিকৃত করে দেয়।”

(সূরা আল-বাকারা, ২:৭৫)

তাফসীর ও বিশ্লেষণ:

ইহুদী বংশধররা অহংকার, কপটতা ও দ্বিমুখী আচরণের মাধ্যমে নবীদের হত্যা করেছে, সত্য গোপন করেছে এবং কিতাব বিকৃত করেছে।

(১) রাসূলকে হত্যার ষড়যন্ত্র : হিজরতের পর রাসূলুল্লাহ (ছাঃ) মদীনা ও পার্শ্ববর্তী এলাকায় বসবাসরত বনু নাযীর, বনু কুরায়যা প্রমুখ ইহূদী-নাছারা গোত্রসমূহের সাথে এক সন্ধিচুক্তি স্বাক্ষর করেন, যা ইতিহাসে ‘মদীনার সনদ’ নামে পরিচিত। উক্ত চুক্তির শর্ত অনুযায়ী কেউ কারু বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হবে না। বরং পরস্পরে মিলে শত্রুর বিরুদ্ধে যুদ্ধ করবে। কিন্তু কিছু সংখ্যক মুনাফিকের প্ররোচনায় ও কাফিরদের আহবানে তাদের গোত্রে দ্বীন প্রচারের

জন্য রাসূলুল্লাহ (ছাঃ) ৭০ জনের একটি প্রচারকদল পাঠালে তারা সকলেই মর্মান্তিক হত্যাকান্ডের শিকার হন। ইতিহাসে যা বি'রে মা'ঊনার ঘটনা বলে প্রসিদ্ধ। উক্ত হত্যাকান্ড থেকে বেঁচে যাওয়া মাত্র একজন ছাহাবী আমর বিন উমাইয়া যামীরী মদীনায় ফেরার পথে শত্রুপক্ষীয় দু'জন কাফেরকে পেয়ে হত্যা করে ফেলেন। দুর্ভাগ্যক্রমে এ দু'জন ছিল বনু আমের গোত্রের লোক, যাদের সঙ্গে রাসূলুললাহ (ছাঃ)-এর শান্তিচুক্তি ছিল। কিন্তু সেকথা উক্ত ছাহাবী জানতেন না। তাদের সাথে বনু নাযীরেরও শান্তিচুক্তি ছিল। রাসূলুল্লাহ (ছাঃ) তখন ঐ দুই নিহত ব্যক্তির রক্তমূল্য আদায়ের জন্য মুসলমানদের কাছ থেকে চাঁদা নেওয়ার পরে মদীনা থেকে কয়েক মাইল দূরে বনু নাযীর ইহূদী গোত্রে গমন করেন। হযরত আবুবকর, ওমর, আলী প্রমুখ ছাহাবী তাঁর সাথে ছিলেন। বনু নাযীর গোত্র তাঁদেরকে সসম্মানে একটি প্রাচীরের ছায়ায় বসতে দিল এবং গোত্রের লোকদের নিকট থেকে চাঁদা তুলে এনে তাঁকে দেবার প্রতিশ্রুতি দিল। ইতিমধ্যে তাদের মধ্যে দুষ্টবুদ্ধি জেগে উঠল এবং এই সুযোগে রাসূলকে হত্যা করার ফন্দি অাঁটলো এবং বললঃ কে আছ এই লোকটিকে হত্যা করে এর হাত থেকে আমাদের শান্তি দিতে পার? তখন আমর বিন জাহহাশ বিন কা'ব নামক জনৈক ইহূদী সঙ্গে সঙ্গে রাযী হয়ে গেল এবং বড় একটি পাথর তাঁদের উপরে ফেলে মারার জন্য প্রাচীরের উপরে উঠে গেল। অহি-র মাধ্যমে এ ষড়যন্ত্রের কথা জানতে পেরে রাসূলুল্লাহ (ছাঃ) তাঁর সঙ্গীদের নিয়ে দ্রুত সেখান থেকে প্রস্থান করলেন এবং চুক্তিভঙ্গের অপরাধে তাদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করলেন। অবশ্য তিনি তাদেরকে অস্ত্র ব্যতীত কেবল এক উট বোঝাই মাল-সামান নিয়ে তাদের ইচ্ছামত স্থানে চলে যাবার জন্য ১০ দিনের সুযোগ দিলেন। কিন্তু মুনাফিক নেতা আব্দুল্লাহ বিন উবাই ও তার সাথীদের প্ররোচনায় তারা তাদের মযবূত প্রাচীর বেষ্টিত দুর্ভেদ্য ঘাঁটিতে অবস্থান নেয়। কিন্তু পরিশেষে মুনাফিকদের নিকট থেকে কোন সাহায্য না পাওয়ায় এবং রাসূল (ছাঃ)-এর চূড়ান্ত নির্দেশ প্রাপ্ত হওয়ায় তারা ২১ দিন পরে দুর্গ ছেড়ে বের হয়ে আসে এবং রাসূলের নির্দেশ মতে তারা أرض الحشر অর্থাৎ ক্বিয়ামতের দিন মানুষের জমা হওয়ার স্থান শাম দেশ (সিরিয়া) অভিমুখে চলে যায়। হুয়াই বিন আখত্বাব, আব্দুল্লাহ বিন আবিল হুক্বাইক্ব, কিনানা বিন রাবী' প্রমুখ ইহূদী নেতৃবৃন্দ ও তাদের সাথীরা খায়বারে বসতি স্থাপন করেন। কেউ কেউ শামের অন্যস্থানে চলে যায়। ঐতিহাসিক ইবনু ইসহাক বলেন যে, এই ঘটনা ওহোদ যুদ্ধের পরে ৪র্থ হিজরীতে এবং বি'রে মা'ঊনার মর্মান্তিক ঘটনার পরে সংঘটিত হয়। কুরতুবী এ মত সমর্থন করেন। তবে বুখারী যুহরীর মাধ্যমে ওরওয়া (রাঃ) থেকে বর্ণনা করেন যে, এ ঘটনা ২য় হিজরীতে অনুষ্ঠিত বদর যুদ্ধের ছয় মাস পরে এবং ওহোদে পূর্বে সংঘটিত হয়'।[6] মদীনা তথা আরব উপদ্বীপ থেকে তাদের এই উচ্ছেদ ঘটনাকে কুরআনে أول الحشر বা 'প্রথম একত্রিত উচ্ছেদ' বলে অভিহিত করা হয়েছে।[7]

তাদের দুর্ভেদ্য দুর্গ থেকে খায়বরে এটা ছিল প্রথম উচ্ছেদ। দ্বিতীয় উচ্ছেদ ঘটে ওমর ফারূকের সময়ে তাদের কুফরী ও ওয়াদা ভঙ্গের কারণে খায়বর থেকে নাজদ ও আযরি‘আতে। কেউ কেউ বলেন, যেরুযালেমের আরীহা ও তাইমাতে’।[৪] মূলতঃ হারূণ (আঃ)-এর বংশোদ্ভূত এই গোত্র সিরিয়া থেকে মদীনায় এসে বসতি স্থাপন করেছিল শেষনবীর আগমনের আশায়। কিন্তু শেষনবী বনু ইসরাঈল না হয়ে বনু ইসমাঈল হওয়ায় তারা তাঁকে চিনতে পেরেও অস্বীকার করে স্রেফ বংশীয় অহংকারের যিদে পড়ে (ঐ)।

(২) চুক্তি ভঙ্গ : মদীনার বনু নাযীর ও বনু কুরায়যা প্রভৃতি ইহূদী-নাছারা গোত্রগুলি বদর যুদ্ধ পর্যন্ত রাসূলুল্লাহ (ছাঃ)-এর সাথে কৃত চুক্তির প্রতি অনুগত ছিল। বরং বদর যুদেধ অভাবিত বিজয় লাভের ফলে তাদের মধ্যে রাসূলেল প্রতি আগ্রহ অনেকাংশে বৃদ্ধি পেয়েছিল। কিন্তু ওহোদ যুদ্ধ বিপর্যয়ের ফলে ও মুশরিকদের অব্যাহত প্ররোচনার ফলে তাদের মধ্যে চুক্তি ভঙ্গের প্রবণতা দানা বেঁধে ওঠে এবং তাদের অন্যতম নেতা কা‘ব বিন আশরাফ ৪০ জন ইহূদীকে সাথে নিয়ে গোপনে মক্কায় চলে যায় ও সেখানে কুরায়েশ নেতাদের নিয়ে কা‘বা গৃহের গেলাফ স্পর্শ করে আল্লাহকে সাক্ষী রেখে চুক্তিবদ্ধ হয় যে, তারা মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধে পরস্পরকে সহযোগিতা করবে।[9]

(৩) শত্রুর সহযোগিতা : ৪র্থ হিজরীর শাওয়াল মাসে খন্দকের যুদ্ধের সময় বনু কুরায়যা গোত্র মদীনা আক্রমণকারী কাফের দলসমূহের সাথে সহযোগিতা করে। ফলে সন্ধি চুক্তি ভঙ্গের কারণে তাদের পুরুষদের হত্যা করা হয় ও বাকীদের বন্দী করা হয় ও মাল-সম্পদ সবকিছু মুসলমানদের মধ্যে বন্টিত হয়।[10]

ইহূদী-খৃষ্টানদের এই মুসলিম বিদ্বেষের ইতিহাস রাসূলের যুগ থেকে এ যাবত জারি আছে। যদিও সে যুগে আবিসিনিয়ার বাদশাহ নাজ্জাশীর মত সরলপ্রাণ খৃষ্টান নরপতি ছিলেন। যিনি শুধু মুসলমানদের সাহায্য করেননি; বরং গোপনে ইসলাম কবুল করেছিলেন বলে হাদীছে বর্ণিত হয়েছে। অমনিভাবে সাধারণ নাগরিকদের মধ্যেও বহু ইহূদী-খৃষ্টান রয়েছেন, যারা ইসলাম ও মুসলমানের প্রতি সহানুভূতিশীল সে যুগেও ছিলেন, এ যুগেও আছেন। বনু নাযীরকে যখন মদীনা থেকে উচ্ছেদ করা হয়, তখনও তাদের মধ্যকার দু’জন ব্যক্তি ইসলাম গ্রহণ করে নিরাপদে মদীনায় থেকে যান। আজও যখন ফিলিস্তীনের অসহায় মুসলমান নর-নারী ও শিশুদের উপরে আমেরিকা ও বৃটেনের সহায়তায় বর্বর ইহূদী শাসকরা নির্মম হত্যাকান্ড চালিয়ে যাচ্ছে, তখনও সেখানে বহু শান্তিপ্রিয় ইহূদী আরব এ অন্যায়ের বিরুদ্ধে

তীব্র প্রতবিাদ মিছিল করে যাচ্ছে। নিউইয়র্কে ও পেন্টাগনে আত্মঘাতি বিমান হামলা চালানোর প্রতিশোধ নিতে যুদ্ধবাজ বুশ প্রশাসন যখন ওসামা বিন লাদেনকে সন্দেহ করে ভূখা-নাঙ্গা আফগান জনগণের উপর ভয়ংকর হামলা পরিচালনার হুমকি দিচ্ছে এবং আমেরিকার সরকারী ও বিরোধীদল সর্বসম্মতিক্রমে এই হামলা পরিকল্পনা অনুমোদন করছে, তখনও দেখা যাচ্ছে নিউইয়র্ক সিটিতে হাযার হাযার খৃষ্টান ছাত্র যুদ্ধের বিরুদ্ধে ঘৃণা প্রকাশ করে প্লাকার্ড বহন করে মিছিল করছে। এধরনের ব্যতিক্রম চিরকাল ছিল আজও আছে, ভবিষ্যতেও থাকবে ইনশাআল্লাহ।

কিন্তু সাধারণভাবে সকল ইহূদী-খৃষ্টান মুসলিম উম্মাহর শত্রু। বিশেষ করে ইহূদীরাই সবচেয়ে বড় শত্রু। ইবনু কাছীর বলেন, এর কারণ হ'ল এই যে, এদের ইসলাম বিদ্বেষ হ'ল হঠকারিতাসূলভ। এরা ইসলাম ও শেষ নবীকে হক জেনেই অস্বীকার করে কেবল বংশীয় অহংকার বশে। তারা বনী ইসরাঈলের বহু নবীকে হত্যা করেছে। অবশেষে আখেরী নবীকে কয়েকবার হত্যা প্রচেষ্টা চালিয়েছে। তাঁকে বিষ প্রয়োগ করেছে ও জাদু করেছে'। ইহূদীদের চাইতে নাছারাগণ মুসলমানদের কিছুটা নিকটবর্তী হবার কারণ এই যে, তারা নিজেদেরকে ঈসা (আঃ)-এর আনীত ইঞ্জীল কিতাবের অনুসারী বলে দাবী করে। তাছাড়া নাছরাদের মধ্যে বহু দুনিয়াত্যাগী সরলপ্রাণ ধর্মযাজক আছেন, যাদের সম্পর্কে কুরআনে বর্ণিত হয়েছে'।[11]

(৪) খাদ্যে বিষপ্রয়োগ : খায়বরের ইহূদীরা রাসূলুল্লাহ (ছাঃ)-কে মেহমান হিসাবে দা'ওয়াত দিয়ে খাদ্যে বিষ মিশ্রিত করে তাঁকে হত্যার চেষ্টা করে।[12]

(৫) চূলে জাদু : মুনাফিক লাবীদ বিন আ'ছাম রাসূলুল্লাহ (ছাঃ)-এর চূলে জাদু করে তার মস্তিষ্ক বিকৃতি ঘটানোর চেষ্টা করে।[13]

(৬) ক্রুসেড ঘোষণা : ১০৯৮-১২৯১ খৃষ্টাব্দ পর্যন্ত প্রায় ২০০ বছর ব্যাপী ক্রুসেড যুদ্ধের ফলে খৃষ্টান-মুসলিম সদ্ভাব দূর হয়ে যায়। অবশেষে ছালাহুদ্দীন আইয়ূবীর হাতে গোটা ইউরোপীয় খৃষ্টান শক্তি চরমভাবে মার খায়। এই পরাজয়ের গ্লানি তারা কখনো ভুলেনি। তাই ১ম মহাযুদ্ধের সময় ১৯১৭ সালের ডিসেম্বরে যখন যেরুযালেম মুসলমানদের হাত থেকে বৃটিশ খৃষ্টানদের হাতে চলে যায়, সেদিন যেরুযালেমের দ্বারপ্রান্তে পৌঁছে বৃটিশ জেনারেল এলেনবাই বলেছিল "Today ends the crusade" 'আজকে ক্রুসেড শেষ হ'ল'। ১৯২০ সালে ফরাসী জেনারেল গুরিয়ান একইভাবে সুলতান ছালাহুদ্দীন আইয়ূবীর কবরে পা রেখে বলে ওঠেন, "We have come back Saladin" 'ছালাহুদ্দীন আমরা আবার ফিরে এসেছি'।

(৭) অবৈধ ইসরাঈল রাষ্ট্রের প্রতিষ্টা: রাশিয়া থেকে বিতাড়িত ইহূদীদেরকে খৃষ্টানরাই ফিলিস্তীনে জোরপূর্বক বসতি স্থাপনে বাধ্য করে এবং তাদেরকে সামনে রেখে ১৯৪৮ সালের ১৪ই মে তারিখে অবৈধ 'ইসরাঈল' রাষ্ট্রের জন্ম দিয়ে এ যাবত তাদেরকে দিয়েই দৈনিক মুসলিমদের রক্ত ঝরাচ্ছে এবং সমস্ত মধ্যপ্রাচ্যের উপরে ছড়ি ঘুরাচ্ছে।

হাদীস:
রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন:
"ইহুদীরা ৭২টি দলে বিভক্ত হবে এবং প্রত্যেক দলই জাহান্নামে যাবে।"
(তিরমিযি, হাদীস: ২৬৪০)

## ২.৩ বিভিন্ন ফিরকাসমূহ:

ইয়াহূদ-নাছারাগণ অসংখ্য দলে বিভক্ত। হাদীছে ৭২ ফেরকা বলা হলেও তার অর্থ হল অসংখ্য। যদিও মুসলমানদের সাথে শত্রুতার বেলায় তারা সবাই এক। আল্লাহর গযবের শিকার হয়ে বনু ইসরাঈলের সবচেয়ে বড় দল ইহূদীরা এখন বিশ্বের অন্যতম সংখ্যালঘু সম্প্রদায়ে পরিণত হয়ে এবং অপরের দয়ার ভিখারী হয়ে আমেরিকা ও ইসরাঈলে কোন রকমে টিকে আছে। রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষমতার অধিকারী খৃষ্টানরা অহংকারে বুঁদ হয়ে আসন্ন ধ্বংসের অপেক্ষায় প্রহর গুণছে।

আধুনিককালের খৃষ্টানরা প্রধানত: তিনভাগে বিভক্ত: ক্যাথলিক, অর্থোডক্স ও প্রটেষ্ট্যান্ট। এরা সবাই যীশু খৃষ্টের অনুসারী হওয়ার দাবীদার। খৃষ্টান ধর্ম কোন বিশ্বধর্ম ছিল না। কেননা শেষনবী ব্যতীত সকল নবীই ছিলেন গোত্রীয় নবী'।[17] ঈসা (আঃ) কেবলমাত্র বনী ইসরাঈলের আত্মশুদ্ধি ও পাপমুক্তির জন্য দা'ওয়াত দিয়েছিলেন। এই ধর্মের কোন রাজনৈতিক বা আন্তর্জাতিক রূপ ছিল না। ৩০৬ খৃষ্টাব্দে রোমান সম্রাট কনষ্টান্টাইন খৃষ্ট ধর্ম গ্রহণ করেন এবং তাঁর উদ্যোগে অনুষ্ঠিত 'নিকিয়া' (Nicaea) অধিবেশনে রোমানদের মূর্তিপূজা ত্রিত্ববাদের আকারে এ ধর্মে ঢুকে পড়ে ও ত্রিত্ববাদের বুনিয়াদ স্বীকৃত হয়। ৫২৯ খৃষ্টাব্দের মধ্যে খৃষ্টান ধর্ম গোটা রোমান সাম্রাজ্যে ছড়িয়ে পড়ে। ৮০০ খৃষ্টাব্দের মধ্যে গোটা ইউরোপ এই ত্রিত্ববাদী খৃষ্টধর্ম গ্রহণ করে। যদিও বহু খৃষ্টান এতে বিশ্বাসী নয়। যেমন যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেটস রাজ্যের অরচেষ্টার হলিক্রস কলেজের ধর্ম বিষয়ক বিভাগের চেয়ারম্যান ডঃ জন, এল, ইসপোসিটো বলেন, ...একমাত্র কুরআনই আসমানী কেতাব সমূহের মধ্যে অবিকৃত রয়েছে।

...বহু খৃষ্টানই আল্লাহর ত্রিত্ববাদে বিশ্বাস করে না'।[18] সম্রাট কনষ্টান্টাইনের আমলেই ইউরোপকে পূর্ব ও পশ্চিমাঞ্চলে ভাগ করা হয়। পূর্বাঞ্চলের রাজধানী হয় কনস্টান্টিনোপল বা আজকের ইস্তাম্বুল। এ অঞ্চলের ধর্মীয় প্রধানকে বলা হয়, 'পেত্রিয়ার্ক'। ইউরোপের বলকান রাজ্যগুলি, গ্রীস, মধ্য এশিয়া, মিসর ও আবিসিনিয়া হয় পশ্চিমাঞ্চল। যার রাজধানী হয় রোম এবং ধর্মীয় প্রধানকে বলা হয় 'পোপ'। শুরু হয় দু'অংশের রাজনৈতিক ও ধর্মীয় বিবাদ। চলে নিজ নিজ শ্রেষ্ঠত্ব প্রতিষ্ঠার চেষ্টা শত শত বছর ধরে। বর্তমানে বিশ্ব ক্যাথলিকদের প্রধান কেন্দ্র। পোপের কর্তৃত্ব ও মতবাদ অস্বীকার করেন পেত্রিয়ার্ক। তাই পোপ-পেত্রিয়ার্ক দ্বন্দ্ব খৃষ্টধর্মের আদিকাল থেকেই চলে আসছে।

১২৫৪ খৃষ্টাব্দে পেত্রিয়ার্ক মিখাইল কারোনারিউস-এর আমলে জন্ম নেয় গ্রীক 'অর্থোডক্স চার্চ'। যার প্রধান কেন্দ্র হয় কনস্টান্টিনোপল। সংস্কারক মার্টিন লুথার প্রথমে ছিলেন ক্যাথলিক ও স্বধর্মে সুপন্ডিত। পরে রোমান চার্চ ও পোপ-পাদ্রীদের অপকর্ম ও পাপাচারের বিরুদ্ধে তিনি যখন সংগ্রাম শুরু করেন, তখন পোপ জার্মান সম্রাটের সাহায্যে তার নাগরিকত্ব হরণের ব্যবস্থা করেন। লুথারের অনুসারীরা এই আদেশের বিরুদ্ধে রুখে দাঁড়ায় এবং তীব্র প্রতিবাদ (Protest) জানায়। ফলে ১৫২৯ সালে জন্ম হয় 'প্রটেষ্ট্যান্ট' সম্প্রদায়ের। ইংল্যান্ডের রাজা অষ্টম হেনরী ও চতুর্থ এডওয়ার্ডের এই ধর্মমত গ্রহণ করায় প্রটেষ্ট্যান্ট মতবাদ ক্যাথলিক মতবাদের শক্তিশালী প্রতিদ্বন্দ্বীতে পরিণত হয়। পরবর্তীতে খৃষ্টানরা আরো বহু দলে বিভক্ত হয়। তাদের এক দল অন্য দলকে যথার্থ খৃষ্টান বলে বিশ্বাস করে না। ক্যাথলিক ধর্মমতে বিশ্বাসীর জন্য অর্থোডক্স ও প্রটেষ্ট্যান্টদের সাথে বিয়ে-শাদী সম্পূর্ণরূপে নিষিদ্ধ। কিন্তু মজার কথা হ'ল এই যে, দুনিয়ার সব জায়গায় অন্য ধর্মাবলম্বী বিশেষ করে মুসলমানদের মুকাবিলায় এরা পরস্পরের সহযোগী।

## অধ্যায় ৩:খ্রিষ্টাধর্ম প্রচারক

খ্রিস্টান মিশনারীর নারী সদস্যরা তাবলীগের ছদ্মবেশে মুসলিম নারীদের ধর্মান্তরিত করার অপতৎপরতা চালাচ্ছে । তাদের প্রশিক্ষিণে খ্রিস্টান নারীরা
(ধর্মান্তরিত করার) লক্ষ্য বাস্তবায়নের জন্য মুসলমানদের সাথে বৈবাহিকসূত্রে আবদ্ধ হচ্ছে । যাতে পরবর্তী জেনারেশনই তাদের টার্গেট । এমনকি মহিলা ফেরীওয়ালাদের মাধ্যমে তারা ধর্মপ্রচার করে থাকে । তাদেরকে বিভিন্ন দায়িত্ব দিয়ে সাধারণ নারীদেরকে নাজাতের কথা

বলে খ্রিস্টান বানাচ্ছে । দেশে তাদের অনেক নারী প্রচারক আছে যারা অক্লান্ত পরিশ্রম কের মুসলমানদের খ্রিস্টান বানায় । মানুষের ঘরেঘরে যায় । খ্রিস্টধর্ম প্রচারের
জন্য যুবতীদেরকে কাজে লাগায় । অনেক সময় আবার টার্গেট করে ছেলেদেরকে প্রেমের টোপে ফেলে খ্রিস্টধর্মে দীক্ষিত করে ।

## ৩.১ ড উইলিয়ম কেরী:

তিনি পি এইচ ডি ডিগ্রীধারী । তিনি পশ্চিমবাংলায় কৃষি কাজ করেছেন । তার ভাষা ইংরেজী,তিনি এদেশে এসে বাংলা ভাষা শিখেন । তিনি দেখলেন, বাংলা ভাষা কোনো সাহিত্যের মানে উত্তীর্ণ নয়। এটি ইংরেজী ভাষার সাথে মিলিয়ে একই ফর্মে একটি উন্নত ভাষা করা যায় । তিনি বহু বছর সাধনা করে এ বাংলাকে আধুনিক বাংলায় রুপান্তরিত করেন । বাংলা ভাষার উন্নতী সাধনে তার অবদান অনস্বীকার্য । তারপর তিনি কলিকাতায় সুপিরিয়াম কলেজ প্রতিষ্ঠা করেন । তিনি নিজেই ঐ কলেজের প্রিন্সিপাল হন । তার উদ্দেশ্য ছিল বাংলা ভাষায় বাইবেল প্রচার । তখন বাংলা বর্ণনের কোনো ছাপাখানা ভারতবর্ষে ছিল না।তিনি ইংল্যান্ডে অর্ডার দিয়ে বাংলা বর্ণনের ছাপামিশিন নিয়ে আসেন এবংবাংলা ভাষায় বাইবেল ছাপান । তিনি সর্বপ্রথম ইংরেজী বাইবেল বাংলায় অনুবাদ করেন ।ভারতবর্ষের মধ্যে বিলি করেন । এমন ত্যাগ যদি বর্তমান মুসলমানদের মধ্যে থাকতো তাহলে আমাদের এত দুর্দশায় পড়তে হোত না।

## ৩.২ মাদার তেরেসা:

তিনি অবিবাহিতা ছিলেন । বাংলাদেশ পশ্চিম বাংলায় তার প্রতিষ্ঠিত ৩০০ এতিমখানা রয়েছে। মাদার তেরেসার একবড় টার্গেট ছিল ২০৫০ সালের মধ্যে বাংলাদেশকে খ্রিস্টান রাষ্ট্রে পরিণত করা ।

## ৩.৩ ফাদার এনজো কর্বা

তিনি যাজকীয় অভিষেক গ্রহণ করেন ২৮জুন ১৯৫৬ খ্রিঃ ইতালীতে ।
তিনি বাংলাদেশের বিভিন্ন স্থানে ধর্ম প্রচারের কাজ করেন । যেসব স্থানে কাজ করেছেন নিম্ন তার একটি তালিকা দেওয়া হলো । ১৯৫৮-১৯৬০
খ্রিঃ পর্যন্ত ঠাকুরগাঁয়ের সদর থানার রুহিয়া গ্রামে খ্রিস্টান
ধর্ম প্রচার করেন । এই রুহিয়া হলো ঠাকুরগায়ের একটি দূর্গম গ্রাম । সেখানে তারা স্কুল কলেজ প্রতিষ্ঠা করেছেন । এই অঞ্চলের আঞ্চলিক

ভাষা শিখে এসেছে । এর পর তিনি ১৯৬০-১৯৬২ খ্রিঃ পর্যন্ত বনপাড়ায়
খ্রিস্টধর্ম প্রচার করেন । ১৯৬২-১৯পর্যন্ত বেনিদুয়ার । ৬৪ খ্রিঃ বেনিদুয়ার থেকে চলে আসেন দিনাজপুর জেলার সুইহারীতে । ওখানে ধর্ম প্রচার করেন ১৯৬৫-১৯৭২ খ্রিঃ পর্যন্ত । ১৯৭২-১৯৯১ খ্রিঃ পর্যন্ত খ্রিস্টধর্ম প্রচার করেন বরিশালের গৌরনদীর
রাজপুরে । এরপর তিনি ধর্ম প্রচারের জন্য পাড়ি জমান ফিলিপাইনে । ওখানে ১৯৯১-১৯৯৭ খ্রিঃ পর্যন্ত প্রায় সাত বছর ধর্ম প্রচার করেন । এরপর আবার ফিরে আসেন বাংলাদেশে । এসে চলে যান দিনাজপুর জেলার বীরগঞ্জ থানার বটতলির পাশে সিংড়া বনে ওখানে ১৯৯৭-২০১২ খ্রিঃ পর্যন্ত ।

এই সিংরাবনে সাধরণত মানুষ খুব কম চলাফেরা করে । সেই বনেরভিতরে বিশাল গির্জা প্রতিষ্ঠা করেছে । ওই এলাকার সাঁওতালদেরকে খ্রিস্টান বানিয়েছে। অনেক মুসলমানকেও খ্রিস্টান বানিয়েছে । স্থানীয় একজন আলেমের সাথে কথা বলে জানতে পারলাম ওই গির্জার পাশে সেমিনার রুমে সাধারণ মানুষকে এনে প্রশিক্ষণ দেয়া হয় । মাঝে মাঝে এলাকার সাধারন কোনো ইমাম বা হুজুর টাইপের কাওকে ডেকে বিভিন্ন প্রশ্ন করে,উত্তর দিতে না পারলে বলে দেখেছ, মুসলমানরা প্রশ্নের উত্তর দিতে পারেনি এবং মুসলমানরা হুজুরইসা আ এর প্রশংসা করেছে । এর দ্বারা বুঝা গেল খ্রিস্টধর্মই সত্য। এভাবে ওই এলাকার সাধারণ মানুষকে খ্রিস্টান বানিয়েছে। সর্বশেষ ২৯নভেম্বর ২০১২সালে সেই দূর্গম এলাকায় তিনি মৃত্যুবরণ করেন । এখানেই তার কবর রচিত হয়েছে।

### ৩.৪ ফাদার কার্লো কালাঙ্কি

তিনি যাজকীয় অভিষেক গ্রহণ করেন ২৯জুন ১৯৫২ খ্রিঃ ইতালী ।

বাংলাদেশসহ বিভিন্ন স্থানে খ্রিস্টধর্ম প্রচারের কাজ করেন । যেসব স্থান কাজ করেছে নিম্নে তার একটি তালিকা দেওয়া হলো । ১৯৫৮ - ১৯৬৭খ্রিঃ পর্যন্ত দিনাজপুর জেলার বীরগঞ্জ থানার নিচপড়া এলাকায় ধর্ম প্রচার করেন । এরপর তিনি ১৯৬৮-১৯৬৯খ্রিঃ পর্যন্ত ঠাকুরগাঁয়ে খ্রিস্টধর্ম প্রচার করেন ।

১৯৬৯-১৯৭২ ইং সালে আবার চলে যান ইতালীর রোমে ।১৯৭২-১৯৭৭ খ্রিঃ পর্যন্ত আন্ধার কোটায় কাজ করেন । এর পর আবার চলে আসেন বাংলাদেশে ।

১৯৭৭-২০১৩ খ্রিঃ পর্যন্ত খ্রিস্টধর্ম প্রচার করেন দিনাজপুর জেলায় । এভাবে ওই ভদ্রলোক মানুষকে খ্রিস্টধর্মে দীক্ষিত করার জন্য পুরো জীবন উৎসর্গ করেন । সর্বশেষ দিনাজপুর জেলায় ১২-০২-২০১৩ইং সে মারা যান ।

### ৩.৫ ফাদার রিনাল্ডো নাভা:

তিনি যাজকীয় অভিষেক গ্রহণ করেন-০৩ অক্টোবর ১৯৭৬ খ্রিঃ ,(ইতালী)। ধর্ম প্রচারের কাজ করার জন্য বাংলাদেশে আসেন ১৯৮৩ সালের অক্টোবর মাসে । ধর্ম প্রচার করেন দেশের বিভিন্ন স্থানে । প্রায় পুরোটা জীবন উৎসর্গ করেছেন । এই কাজকর্মই জীবনের উদ্দেশ্য বানিয়ে ছিলেন । তার জন্ম হলো ইতালিতে । ৮-৬-১৯৫১ইতালিতে জন্ম গ্রহন করেন। ইতালিতে থাকেন নি পাড়ি জমালেন বাংলাদেশে । সর্বশেষ যশোর জেলায়০৪-০৭-২০১১ইং সনে মৃত্যুবরণ করেন ।

## অধ্যায় ৪: খ্রিস্টান মিশনারি কার্যক্রমের ইতিহাস (বিশ্ব পরিপ্রেক্ষিত)

খ্রিস্টান মিশনারি কার্যক্রম একটি সুদীর্ঘ ও পরিকল্পিত ইতিহাসের অংশ, যা পৃথিবীর বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে পড়েছে রাজনৈতিক, সামরিক এবং সাংস্কৃতিক প্রভাবের মাধ্যমে। এই অধ্যায়ে আমরা বিশ্বব্যাপী খ্রিস্টান মিশনারি কার্যক্রমের উদ্ভব, বিস্তার ও কৌশলগত রূপরেখা আলোচনা করব।

### ৪.১ ইউরোপে মিশনারি আন্দোলনের সূত্রপাত:

খ্রিষ্টান মিশনারি আন্দোলনের সূচনা ইউরোপীয় খ্রিষ্টধর্মের সম্প্রসারণ নীতির একটি অঙ্গ। এই আন্দোলনের শিকড় প্রোথিত রয়েছে প্রাথমিক খ্রিষ্টীয় যুগ থেকেই, যখন যীশু খ্রিষ্টের শিষ্যরা ধর্মপ্রচার শুরু করেন। খ্রিষ্টান ধর্মের প্রচারের জন্য প্রথম যিনি সুসংগঠিত উদ্যোগ নেন, তিনি হলেন পল (Paul the Apostle)। তিনি রোমান সাম্রাজ্যের বিভিন্ন অঞ্চলে গিয়ে ধর্মপ্রচারে অংশ নেন এবং খ্রিষ্টধর্মকে একটি আন্তর্জাতিক ধর্মে রূপান্তরিত করার ভিত্তি স্থাপন করেন। তবে সংগঠিত ও রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় পরিচালিত মিশনারি আন্দোলনের প্রকৃত সূচনা ঘটে মধ্যযুগে।

৫ম শতক থেকে শুরু করে মধ্যযুগে (৫ম-১৫শ শতক) ইউরোপে ক্যাথলিক চার্চ কর্তৃক গঠিত বিভিন্ন ধর্মীয় গোষ্ঠী যেমন: ফ্রান্সিসকান, ডমিনিকান প্রভৃতি "মিশনারি আদেশ" গড়ে তোলে এবং বিভিন্ন অ-খ্রিষ্টান অঞ্চলে ধর্মপ্রচারে পাঠায়। এই সময় ক্রুসেডের মাধ্যমে মুসলিম বিশ্বের ওপর সামরিক আক্রমণ চালিয়ে ধর্মীয় দিক থেকেও আধিপত্য বিস্তারের চেষ্টা করা হয়। তবে সবচেয়ে গুরুত্বপূর্ণ মোড় আসে রেনেসাঁ ও ভূখণ্ড আবিষ্কারের যুগে (১৫শ - ১৭শ শতক), যখন ইউরোপীয় অভিযাত্রীদের সঙ্গে ধর্মপ্রচারকগণও নতুন ভূখণ্ডে পাড়ি জমান। এই সময়

কলম্বাস আমেরিকা আবিষ্কার করেন, ভাস্কো দা গামা ভারত পৌঁছান—এবং তাদের পদাঙ্ক অনুসরণ করে মিশনারিরা বিশ্বের নানা প্রান্তে পৌঁছায়।

ঊনবিংশ শতকে এসে মিশনারি আন্দোলন এক নতুন মাত্রা লাভ করে। তখন ইউরোপে প্রোটেস্ট্যান্ট ধর্মগোষ্ঠীও এই আন্দোলনে সক্রিয়ভাবে অংশ নেয়। লন্ডন মিশনারি সোসাইটি (১৭৯৫), ব্যাসেল মিশন (১৮১৫), আমেরিকান বোর্ড অব কমিশনারস ফর ফরেন মিশনস (১৮১০) প্রভৃতি সংস্থা গঠিত হয় এবং তারা আফ্রিকা ও এশিয়ায় ব্যাপকভাবে ধর্মপ্রচারে নামে। এই সময় মিশনারিদের কর্মকাণ্ড ছিল রাজনৈতিক ও সাংস্কৃতিক উপনিবেশের হাতিয়ারস্বরূপ। অনেক ক্ষেত্রেই ধর্মপ্রচারের আড়ালে ইউরোপীয় আধিপত্য বিস্তারের ষড়যন্ত্র লুকিয়ে ছিল।

মিশনারিরা স্কুল, হাসপাতাল, দাতব্য প্রতিষ্ঠান স্থাপন করে স্থানীয় জনগণের মন জয় করতে চেষ্টা করলেও তাদের মূল উদ্দেশ্য ছিল স্থানীয়দের খ্রিষ্টধর্মে দীক্ষিত করা। ইউরোপীয় রাজনীতিবিদ ও ধর্মযাজকের মধ্যে এক অলিখিত সমঝোতা ছিল যে, ধর্মপ্রচার ও উপনিবেশ স্থাপন একে অপরের পরিপূরক। ফলে মিশনারি আন্দোলন ধর্মীয় প্রেরণার পাশাপাশি ছিল এক বিস্তৃত রাজনৈতিক কৌশলের অংশ।

## ৪.২ উপনিবেশবাদের সাথে সম্পর্ক:

খ্রিস্টান মিশনারি কার্যক্রমের সঙ্গে ইউরোপীয় উপনিবেশবাদের গভীর সম্পর্ক ছিল। ইউরোপ যখন আফ্রিকা, এশিয়া ও আমেরিকার বিভিন্ন অংশে উপনিবেশ স্থাপন করে, তখন সাথে সাথে খ্রিস্টান মিশনারিরাও এসব অঞ্চলে প্রবেশ করে। এটি অনেক ক্ষেত্রে ছিল কৌশলগত; সামরিক বা রাজনৈতিক দখলের আগে মিশনারিরা স্থানীয় জনগণের হৃদয় জয় করার চেষ্টা করত, ধর্ম প্রচারের আড়ালে সাংস্কৃতিক ও মানসিক দাসত্ব কায়েম করত।

বিশেষ করে ব্রিটিশ, ফরাসি, পর্তুগিজ ও স্প্যানিশ উপনিবেশবাদীরা ধর্ম প্রচারকে তাদের রাজনৈতিক লক্ষ্য অর্জনের একটি হাতিয়ার হিসেবে ব্যবহার করত। মিশনারিরা বিদ্যালয়, হাসপাতাল, পত্রিকা, বইপুস্তক এবং অনুবাদ কার্যক্রমের মাধ্যমে স্থানীয় সংস্কৃতিকে ধ্বংস করে পশ্চিমা সংস্কৃতি চাপিয়ে দেওয়ার চেষ্টা করত।

## ৪.৩ ধর্ম প্রচারে ব্যবহৃত কৌশল:

খ্রিস্টান মিশনারিরা ধর্ম প্রচারে যে কৌশলগুলো ব্যবহার করেছে, তা অত্যন্ত সুনিপুণ এবং বহুস্তরবিশিষ্ট। এর মধ্যে উল্লেখযোগ্য কৌশলগুলো হলো:

1. দাতব্য কাজ ও অর্থনৈতিক সাহায্য: দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে খাদ্য, বস্ত্র, বাসস্থান, চিকিৎসা ও শিক্ষা সরবরাহের মাধ্যমে মানুষের আস্থা অর্জন এবং পরে ধর্মান্তরের পথে উদ্বুদ্ধ করা।

2. শিক্ষা ও ভাষার ব্যবহার: স্থানীয় ভাষায় বাইবেল অনুবাদ, খ্রিস্টান ভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠ্যবইয়ে ধর্মীয় মূল্যবোধ ঢুকিয়ে দেওয়া ইত্যাদি ছিল তাদের সাংস্কৃতিক আধিপত্য বিস্তারের পন্থা।

3. চিকিৎসা ও স্বাস্থ্যসেবা: আধুনিক চিকিৎসা ব্যবস্থার মাধ্যমে মিশনারিরা স্থানীয় মানুষের দুর্দশায় পাশে দাঁড়িয়ে বিশ্বস্ততা অর্জন করত।

4. মানসিক প্রভাব ও সহানুভূতির ব্যবহার: যুদ্ধ, দুর্ভিক্ষ বা প্রাকৃতিক দুর্যোগের সময় মিশনারিরা সক্রিয়ভাবে কাজ করে। এ সময় তারা মানুষের দুর্বলতা ও আবেগকে কাজে লাগিয়ে খ্রিস্টান ধর্মের প্রতি আকৃষ্ট করে তোলে।

5. নারী ও শিশুদের লক্ষ্যবস্তু বানানো: মিশনারিরা জানত যে পরিবারে নারীরা সিদ্ধান্ত গ্রহণে প্রভাব রাখে, তাই তাদেরকেই প্রথমে সাহায্য, প্রশিক্ষণ ও কাজের সুযোগ দিয়ে ধর্মান্তরের দিকে ধাবিত করত।

## অধ্যায় ৫: উপমহাদেশে মিশনারিদের আগমন ও কার্যক্রম

উপমহাদেশে খ্রিস্টান মিশনারিদের আগমন একটি ঐতিহাসিক মোড় পরিবর্তনের দিকচিহ্ন। ইউরোপীয় ঔপনিবেশিক শক্তির সাথে খ্রিস্টান মিশনারিরা প্রায় সমান্তরালে এই অঞ্চলে প্রবেশ করে। উপমহাদেশের বৈচিত্র্যপূর্ণ ধর্মীয়, ভাষাগত ও সাংস্কৃতিক পরিমণ্ডলে তাদের কার্যক্রম একটি সুপরিকল্পিত ও দীর্ঘমেয়াদী ধর্মান্তর নীতির অংশ ছিল। খ্রিস্টান ধর্ম প্রচারের পাশাপাশি তারা শিক্ষা, চিকিৎসা ও দাতব্য কাজের মাধ্যমে স্থানীয় জনগণের মনে প্রভাব বিস্তার করতে থাকে।

### ৫.১ ধর্মীয় ও ভাষাগত প্রভাব:

খ্রিস্টান মিশনারিরা শুধু ধর্ম প্রচারে সীমাবদ্ধ ছিল না, তারা ভাষা ও সাহিত্যকেও ব্যবহার করেছে একটি সাংস্কৃতিক আগ্রাসনের হাতিয়ার হিসেবে।

বাংলা ভাষায় বাইবেলের অনুবাদ করে তারা স্থানীয় জনগণের কাছে ধর্মগ্রন্থ সহজলভ্য করে তোলে। উইলিয়াম কেরি কর্তৃক অনূদিত বাইবেল ও অন্যান্য খ্রিস্টান সাহিত্যে ইসলাম ও হিন্দুধর্মের শব্দাবলি বাদ দিয়ে সংস্কৃতঘেঁষা শব্দ চয়ন করা হয়, যাতে মুসলিম জনগণের ভাষা ও সাহিত্য থেকে তাদের বিচ্ছিন্ন করা যায়।

তারা প্রচলিত আরবি-ফারসি শব্দাবলি বাদ দিয়ে শব্দভাণ্ডার সংস্কৃতমুখী করে তোলে। এর ফলে ভাষাগতভাবে মুসলমানদের প্রান্তিক করার প্রচেষ্টা দেখা যায়।

স্কুল ও কলেজে খ্রিস্টান ধর্মভিত্তিক পাঠ্যক্রম চালু করে নতুন প্রজন্মকে পশ্চিমা চিন্তাভাবনায় শিক্ষিত করার পাঁয়তারা করা হয়।

### ৫.২ মুসলিম সম্প্রদায়ের প্রতি দৃষ্টিভঙ্গি:

মিশনারিদের দৃষ্টিতে মুসলমানরা ছিল মূল টার্গেট জনগোষ্ঠী। কারণ ইসলাম ছিল উপমহাদেশে একটি শক্তিশালী ও সাংগঠনিক ধর্মীয় শক্তি, যা খ্রিস্টান ধর্ম প্রচারের পথে প্রতিবন্ধক হিসেবে বিবেচিত হতো।

মুসলমানদের মধ্যে ধর্মীয় অনুশাসন, কুরআন ও হাদীসের প্রতি অনুরাগ এবং আলেম-উলামাদের নেতৃত্ব মিশনারিদের জন্য বড় চ্যালেঞ্জ ছিল।

তারা মুসলমানদের "প্রতিবন্ধক গোষ্ঠী" মনে করে, প্রথমে হিন্দু ও আদিবাসীদের মধ্যে ধর্মান্তরে মনোযোগ দেয়, পরে মুসলমানদের মধ্যে দরিদ্র, প্রান্তিক ও অশিক্ষিত শ্রেণির মানুষের ওপর লক্ষ্য স্থির করে।

মুসলমানদের মধ্যে বিভ্রান্তি ছড়াতে মিশনারিরা নানা ধরনের অপপ্রচার চালায়। মুসলিম ধর্মগুরুরা এই অপতৎপরতার বিরুদ্ধে জবাব দিতে শুরু করেন। এ সময় মুনশী মেহেরুল্লাহ প্রমুখ মুসলিম চিন্তাবিদদের কার্যক্রম অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে ওঠে।

### ৫.৩ ব্রিটিশ রাজের মদদে মিশনারিদের কার্যক্রম:

ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি প্রথমদিকে ধর্মীয় কার্যক্রম থেকে নিজেদের দূরে রাখলেও, ১৮১৩ সালের চার্টার অ্যাক্টের পর মিশনারিদের ভারতবর্ষে খ্রিস্টধর্ম প্রচারের অনুমতি দেওয়া হয়। এরপর থেকে মিশনারিদের উপস্থিতি এক নতুন মাত্রায় পৌঁছে যায়।

উইলিয়াম কেরি (William Carey) ছিলেন উপমহাদেশে ব্রিটিশ সরকারের মদদপুষ্ট অন্যতম প্রধান মিশনারি। তিনি ১৭৯৩ সালে ভারতবর্ষে আগমন করেন এবং বাংলা ভাষা ও সাহিত্যকে খ্রিস্টান ধর্ম প্রচারের হাতিয়ার হিসেবে ব্যবহার করেন।

ব্রিটিশ প্রশাসন মিশনারিদের জন্য জমি বরাদ্দ, অর্থায়ন, ভ্রমণ সুবিধা এবং প্রভাবশালী অবস্থান নিশ্চিত করে। তাদের স্কুল, কলেজ, হাসপাতাল এবং ছাপাখানার মাধ্যমে ধর্মীয় ও সাংস্কৃতিক প্রভাব ছড়ানোর পথ সুগম হয়।

## অধ্যায় ৬: বাংলাদেশে খ্রিস্টান মিশনারিদের আগমন: ঐতিহাসিক পটভূমি:

বাংলাদেশে খ্রিস্টান মিশনারিদের আগমন ও কার্যক্রম একটি দীর্ঘ ঐতিহাসিক ধারাবাহিকতার ফল। উপমহাদেশে ব্রিটিশ উপনিবেশবাদের সূচনা থেকেই খ্রিস্টান মিশনারিরা এখানে ধর্মীয়

ও সাংস্কৃতিক রূপান্তরের লক্ষ্যে কাজ শুরু করে। সময়ের পরিক্রমায় পাকিস্তান ও বাংলাদেশ পর্বে এই কার্যক্রম নানা রূপে বিস্তৃত হয় এবং রাষ্ট্রীয় নীতির প্রভাবেও ভিন্ন মাত্রা পায়।

## ৬.১ ব্রিটিশ ও পাকিস্তান আমলে কার্যক্রম:

ব্রিটিশ আমলে খ্রিস্টান মিশনারিদের কর্মকাণ্ড সরকারিভাবে উৎসাহিত করা হতো। ইংরেজরা উপনিবেশকে দীর্ঘস্থায়ী করতে ধর্মীয়, সাংস্কৃতিক ও ভাষাগত আধিপত্য প্রতিষ্ঠায় খ্রিস্টান মিশনারিদের ব্যবহার করত।

১৭৯৩ সালে উইলিয়াম কেরির আগমন ছিল এই ধারার সূচনালগ্ন। পরবর্তীতে ক্যালকাটা ও সেরামপুর ছিল মিশনারি কার্যক্রমের কেন্দ্রবিন্দু, যার প্রভাব পূর্ববঙ্গেও পড়ে।

মুসলমানদের শিক্ষাবিমুখতা ও দরিদ্রতা ব্যবহার করে মিশনারিরা শিক্ষা, চিকিৎসা ও ত্রাণকেন্দ্রের মাধ্যমে ধর্মান্তরণের কাজ চালিয়ে যায়।

পাকিস্তান আমলেও পূর্ব পাকিস্তানে মিশনারিদের কার্যক্রম অব্যাহত থাকে। যদিও সংখ্যায় তারা ছিল কম, তথাপি পাহাড়ি অঞ্চল ও দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে তারা কার্যকর প্রভাব বিস্তার করে। বিশেষ করে আদিবাসীদের মধ্যে ধর্মান্তরণ চলমান ছিল।

## ৬.২ ১৯৭১ পরবর্তী সুযোগ:

১৯৭১ সালের মুক্তিযুদ্ধ বাংলাদেশের জন্য যেমন স্বাধীনতার দ্বার খুলে দেয়, তেমনি খ্রিস্টান মিশনারিদের জন্যও এক নতুন সুযোগের সৃষ্টি করে। যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশে বিপুল সংখ্যক আন্তর্জাতিক এনজিও এবং খ্রিস্টান মিশনারি সংস্থা 'মানবিক সহায়তার' নামে প্রবেশ করে।

সেই সময় মানবিক বিপর্যয়, দারিদ্র্য ও অনিশ্চয়তা কাজে লাগিয়ে তারা খাদ্য, চিকিৎসা, আশ্রয়, শিক্ষা ও আর্থিক সহায়তার বিনিময়ে ধর্মান্তরণের পথ প্রশস্ত করে।

১৯৭১ থেকে ১৯৭৫ সালের মধ্যেই আটটি নতুন মিশনারি সংস্থা বাংলাদেশে তাদের কার্যক্রম শুরু করে, যেমন: World Vision, Caritas, CCDB ইত্যাদি।

এই সময়কালে সরকারের পক্ষ থেকেও বিদেশি সহায়তার প্রয়োজন থাকায় মিশনারি সংস্থাগুলোর উপর বিশেষ বিধিনিষেধ আরোপ করা হয়নি, বরং বিভিন্ন সুবিধা দেওয়া হয়।

### ৬.৩ রাষ্ট্রীয় দৃষ্টিভঙ্গির পরিবর্তন:

স্বাধীনতার পর বাংলাদেশ ছিল একটি ধর্মনিরপেক্ষ রাষ্ট্র। কিন্তু ১৯৮৮ সালে ইসলামকে রাষ্ট্রধর্ম ঘোষণা করা হয়। এই পরিবর্তন একদিকে ইসলামপন্থী গোষ্ঠীর সন্তুষ্টি নিশ্চিত করলেও, মিশনারিদের কার্যক্রমে প্রভাব ফেলে না—কারণ তারা তখন 'উন্নয়ন সহযোগী' হিসেবে নিজেকে প্রতিষ্ঠা করেছে।

সরকার মিশনারি এনজিওদের তৎপরতা সম্পর্কে শুরুতে সর্তক না হলেও, সময়ের সঙ্গে সঙ্গে মিশনারিদের কার্যক্রম নিয়ে প্রশ্ন উঠতে থাকে—বিশেষত পার্বত্য চট্টগ্রামে আদিবাসী সম্প্রদায়ের মধ্যে ধর্মান্তরণ নিয়ে।

বর্তমানে সরকারি নীতিতে এনজিও নিয়ন্ত্রণের নানা উদ্যোগ থাকলেও, খ্রিস্টান এনজিওরা তাদের আন্তর্জাতিক সংযোগ এবং মানবিক সহায়তার মাধ্যমে প্রভাব বজায় রাখছে।

এই অধ্যায় থেকে বোঝা যায়, খ্রিস্টান মিশনারিরা কৌশলগতভাবে রাজনৈতিক পরিবর্তন, অর্থনৈতিক দুরবস্থা ও রাষ্ট্রীয় শিথিলতা কাজে লাগিয়ে বাংলাদেশে তাদের প্রভাব বিস্তার করেছে।

## অধ্যায় ৭: মিশনারিদের সামাজিক ও অর্থনৈতিক কৌশল :

খ্রিস্টান মিশনারিরা বাংলাদেশের মতো দরিদ্র ও উন্নয়নশীল দেশের সমাজ ও অর্থনীতির দুর্বলতা কাজে লাগিয়ে তাদের ধর্মীয় কার্যক্রম বিস্তারে একাধিক কৌশল গ্রহণ করেছে। এই কৌশলগুলো সরাসরি ধর্মান্তরণ কিংবা ধর্মীয় অনুপ্রবেশের উদ্দেশ্য সাধনে ব্যবহৃত হয়েছে, যা জাতীয় সংস্কৃতি, ধর্মীয় ঐক্য ও নিরাপত্তার জন্য একটি বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে।

## ৭.১ সমাজে বিভাজন সৃষ্টি করে কর্তৃত্ব প্রতিষ্ঠা:

